Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 22 April, 2025

বলিউড অভিনেতা কার্তিক আরিয়ান এবার নাগের চরিত্রে অভিনয় করছেন। 'নাগজিলা' ছবিতে দেখা যাবে তাকে। সম্প্রতি প্রকাশ পেয়েছে এ ছবির পোস্টার। ছবিটি সিনেমা হলে মুক্তি পাবে ২০২৬ সালের ১৪ আগস্ট।

ছবিতে কার্তিকের চরিত্রের নাম প্রেয়মবদেশ্বর পেয়ারে চাঁদ। করণ জোহরের প্রযোজনায় তৈরি হচ্ছে ছবিটি। সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করা হয়েছে ছবির পোস্টার যা নিয়ে নেটিজেনরা বেশ আলোচনা-সমালোচনা করছেন।

শেয়ার করা পোস্টারের নিচে ক্যাপশনে লেখা আছে, 'মানুষের ছবি তো অনেক দেখলেন। এবার নাগদের ছবি দেখুন। 'নাগজিলা'– নাগলোকের প্রথম কাণ্ড। ফনা তুলে আসছেন প্রেয়মবদেশ্বর পেয়ারে চাঁদ। ২০২৬ সালের ১৪ আগস্ট, নাগ পঞ্চমীতে মুক্তি পাবে এই ছবি।

এই ছবিতে নাগের চরিত্রে প্রথম অভিনয় করার কথা ছিল অক্ষয় কুমারের। সাপ নিয়ে ছবি বলে অক্ষয় অপ্রস্তুত ছিলেন। তাই সেই প্রস্তাব ফিরিয়েছেন। ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়,  ছবির অফার প্রথম গিয়েছিল অক্ষয়ের কাছেই। তিনি ছিলেন পরিচালকের প্রথম পছন্দ। তবে গল্প ভালো লাগেনি অক্ষয়ের।

প্রতিবেদনে আরও বলা হয়, সাপ নিয়ে ছবি বলে তিনি অপ্রস্তুত ছিলেন। 'জানি দুশমন'-এর মতো ছবিতে আর অভিনয় করতে চাননি তিনি। কার্তিকের কাছে প্রস্তাব নিয়ে যাওয়ার পরে তিনি অভিনয় করার জন্য সম্মতি জানান।

চলচ্চিত্র সোশ্যাল মিডিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:51

URL: https://www.timestodaybd.com/entertainment/7758071261